



তাং : ১০/০৪/১৪৪২ হিজরী

২৬/১১/২০২০ ঈসাদ

জরুরি অবগতিপত্র

১৪৪২ হিজরী/২০২১ ঈসাদের দাওরায়ে হাদীস পরীক্ষার নিবন্ধনের আবেদন

বিগত ৪/১/১৪৪২ হিজরী, ২৪/৮/২০২০ ঈসাদ রোজ সোমবার অনুষ্ঠিত হাইআতুল উলয়ার স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী এবং হাইআতুল উলয়ার পরীক্ষা প্রবিধি অনুসারে ১৪৪২ হিজরী/২০২১ ঈসাদের দাওরায়ে হাদীস পরীক্ষায় নিম্নবর্ণিত ছাত্র-ছাত্রীগণ নিবন্ধনের সুযোগ পাবে-

- ১। ১৪৪০ হিজরী/২০১৯ ঈসাদে ৬ বোর্ডের অধীনে ফযীলত (মেশকাত) পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী;
- ২। ১৪৪১ হিজরী/২০২০ ঈসাদের ফযীলত (মেশকাত) পরীক্ষার জন্য ফি দাখিলকারী এবং বোর্ড কর্তৃক প্রবেশপত্র লাভকারী ছাত্রছাত্রী;
- ৩। দারুল উলুম দেওবন্দ অথবা বিদেশের অনুরূপ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৪৪০ ও ১৪৪১ হিজরী / ২০১৯ ও ২০২০ ঈসাদে ফযীলত অথবা দাওরায়ে হাদীস উত্তীর্ণ ছাত্র-ছাত্রী;
- ৪। মানোন্নয়ন পরীক্ষার ক্ষেত্রে শুধুমাত্র ১৪৪১ হিজরী/২০২০ ঈসাদে দাওরায়ে হাদীস পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রী;
- ৫। আল-হাইআতুল উলয়ার অধীনে ১৪৪০ ও ১৪৪১ হিজরী/২০১৯ ও ২০২০ ঈসাদে দাওরায়ে হাদীস পরীক্ষায় অকৃতকার্য ও অনুপস্থিত পরীক্ষার্থী;
- ৬। ১৪৪১ হি:/২০২০ সনের (ফলাফল প্রকাশিতব্য) এবং ১৪৪০ হি:/২০১৯ সনের দাওরায়ে হাদীস পরীক্ষায় সর্বোচ্চ ২ বিষয়ে অকৃতকার্য (যেমনী) পরীক্ষার্থী;
- ৭। ২০১৭ সনের পূর্বে ৬ বোর্ডের অধীনে অথবা দেশ বিদেশের কোন কওমি মাদরাসার বার্ষিক পরীক্ষায় দাওরায়ে হাদীস উত্তীর্ণ ছাত্র-ছাত্রী; তবে নিবন্ধনের আবেদনের সঙ্গে আল-হাইআতুল উলয়া বাংলাদেশ এর চেয়ারম্যান বরাবর দরখাস্ত প্রদান করতে হবে।
উল্লেখ্য, ১৪৪১ হিজরী/২০২০ সনের দাওরায়ে হাদীস পরীক্ষায় যাদের পরীক্ষার খাতা 'যবত' হয়েছে, তারা ১৪৪২ হিজরী/২০২১ সনের দাওরায়ে হাদীস পরীক্ষায় নিবন্ধনের সুযোগ পাবে না।

বি. দ্র.

- ১। ১৪৪১ হিজরী/২০২০ ঈসাদের দাওরায়ে হাদীস পরীক্ষায় অকৃতকার্য বা অনুপস্থিত বা মানোন্নয়ন পরীক্ষার্থীগণ দাওরায়ে হাদীসের ফলাফল প্রকাশের ১০ দিনের মধ্যে নিজ নিজ মাদরাসার ফলাফলের ফটোকপি নিবন্ধন আবেদন ফরমের সঙ্গে যুক্ত করে স্ব স্ব মাদরাসার মাধ্যমে সংশ্লিষ্ট বোর্ডে পৌঁছাবে।
- ১। ১৪৪১ হিজরীর ফযীলত (মেশকাত) পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি নিবন্ধন ফরমের সঙ্গে যুক্ত করতে হবে।
- ২। ১৪৪০ হিজরীর ফযীলত (মেশকাত) উত্তীর্ণগণ ফযীলতের 'সনদ' অথবা 'নম্বরপত্র' নিবন্ধন ফরমের সঙ্গে যুক্ত করতে হবে।
- ৩। দারুল উলুম দেওবন্দ অথবা বিদেশের অনুরূপ শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১৪৪০ ও ১৪৪১ হিজরী / ২০১৯ ও ২০২০ ঈসাদে ফযীলত অথবা দাওরায়ে হাদীস উত্তীর্ণের সনদ অথবা নম্বরপত্র নিবন্ধন ফরমের সঙ্গে যুক্ত করতে হবে।
- ৪। ২০১৭ সনের পূর্বে দাওরায়ে হাদীস উত্তীর্ণের প্রমাণ হিসাবে 'সনদ' অথবা 'নম্বরপত্র' নিবন্ধন ফরমের সঙ্গে যুক্ত করতে হবে।
- ৫। ১৪৪০ ও ১৪৪১ হিজরী/২০১৯ ও ২০২০ ঈসাদে দাওরায়ে হাদীস পরীক্ষায় অকৃতকার্যের প্রমাণ হিসাবে প্রতিষ্ঠানের ফলাফলের কপি নিবন্ধন ফরমের সঙ্গে যুক্ত করতে হবে।
- ৬। কোন মাদরাসা উপরোক্ত নিয়মের ব্যতিক্রম করলে পরীক্ষা বিধি অনুসারে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

মা'আস সালাম,

(মুহাম্মাদ ইসমাইল)

পরীক্ষা নিয়ন্ত্রক, আল-হাইআতুল উলয়া বাংলাদেশ

অনুলিপি প্রেরিত হল :

- ১। মহাসচিব/মহাপরিচালক, বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ, কাজলা, ভাঙ্গাপ্রেস, যাত্রাবাড়ী, ঢাকা।
- ২। সভাপতি/মহাসচিব, বেফাকুল মাদারিসিল কওমিয়া গওহরডাঙ্গা, বাংলাদেশ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।
- ৩। সভাপতি/মহাসচিব, আঞ্জুমানে ইত্তেহাদুল মাদারিসিল কওমিয়া বাংলাদেশ, পটিয়া, চট্টগ্রাম।
- ৪। সভাপতি/মহাসচিব, আযাদ দ্বীনী এদারয়ে তা'লীম বাংলাদেশ, এদারা ভবন, সিলেট।
- ৫। সভাপতি/মহাসচিব, তানযীমুল মাদারিসিল কওমিয়া বাংলাদেশ, জামিল মাদরাসা, বগুড়া।
- ৬। সভাপতি/মহাসচিব, জাতীয় দ্বীনী মাদরাসা শিক্ষাবোর্ড বাংলাদেশ, আফতাবনগর, ঢাকা।